## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা।

নগদ মূল্য ৴০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

### অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।



৪০শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ— ৬ই আশ্বিন বুধবার ১৩৬০ ইংরাজী 23rd Sept, 1953 | ১৯শ সংখ্যা





সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. SERVICE

## সাফল্য ও সমৃদ্ধির পথে

বৃহত্তর ক্ষেত্রে জনসেবার যে গৌরব ও জনগণের যে অকুণ্ঠ আস্থার উপর ভিত্তি করিয়া হিন্দুস্থান উত্তরোত্তর সমৃদ্ধির পথে অগ্রসর হইতেছে এবং যে সঙ্গতি, সততা ও প্রতিষ্ঠা হিন্দুস্থানের পূর্ব্বাপর বৈশিষ্ট্য, তাহার সুস্পষ্ট পরিচয় পাওয়া যায় ইহার ১৯৫২ সালের ৪৬তম বার্ষিক কার্য্য-বিবরণীতে।

নূতন বীমা
১৬,৩৮,৭৯,২৯৮৲

মোট চল্‌তি বীমা ............ ৮৬,৭১,৮৫,০৪০৲
মোট সম্পত্তি ............ ২২,৪৯,৮৩,০৫৬৲
বীমা ও বিবিধ তহবিল ............ ১৯,৭৭,৭৬,২৮৭৲
প্রিমিয়ামের আয় ............ ৩,৯৪,২২,৩৭১৲
দাবী শোধ (১৯৫২) ............ ৮৮,৮২,২৭১৲

*হিন্দুস্থানের বীমাপত্র নিরাপদ সারবান ও লাভজনক।*

### হিন্দুস্থান কো-অপারেটিভ

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৬ই আশ্বিন বুধবার সন ১৩৬০ সাল

## ইচ্ছাময়! তব ইচ্ছা হলো সম্পাদন!

—•—

গত ১৮ই সেপ্টেম্বর লোকসভার ভাঙ্গা হাটে হিন্দু মহাসভার সভাপতি শ্রী এন. সি. চ্যাটার্জ্জি ডাঃ শ্যামাপ্রসাদের মৃত্যুর নিরপেক্ষ তদন্তের জন্য বাঙলার এবং ভারতের অগণিত অধিবাসীদের পক্ষ হইতে জোর গলায় দাবি জানান। স্বরাষ্ট্র মন্ত্রী ডাক্তার কাটজু ও শ্রীজোয়াকিম আলভা নামক জনৈক কংগ্রেসী সদস্য ব্যতীত এই আলোচনায় যোগদানকারী বিরোধীদলভুক্ত ও স্বতন্ত্র সদস্যগণের সকলেই, এমন কি, কংগ্রেসী সদস্য শ্রীরোহিণীকুমার চৌধুরী পর্য্যন্ত এই জাতীয় ক্ষতি সম্বন্ধে জনসাধারণের উদ্বেগ ও ডাঃ মুখার্জ্জির চিকিৎসার অব্যবস্থার বদ্ধমূল সন্দেহ দূর করার উদ্দেশ্যে যথোচিত তদন্তের জন্য সঙ্ঘবদ্ধভাবে দাবী জানাইয়াছিলেন। কাশ্মীরের নূতন প্রধান মন্ত্রী বক্সী গোলাম মহম্মদ শ্রী এন. সি. চ্যাটার্জ্জিকে যে চিঠি লিখিয়া তদন্তের সুযোগ দিবার ইচ্ছা প্রকাশ করিয়াছিলেন, শ্রীমতী সুচেতা কৃপালনী সেই চিঠি পাঠ করেন। নেহেরুজী হইলেন এই গণতন্ত্র রাজ্যেও ইচ্ছাময়। প্রথম প্রথম ডাঃ কাটজু প্রধান মন্ত্রীর সুরেই সুর দিয়া তদন্তের বিরোধিতা করিয়াছিলেন। যখন কাশ্মীর-জম্মুর নূতন প্রধান মন্ত্রী বক্সী গোলাম মহম্মদের শ্রী এন. সি. চ্যাটার্জ্জিকে লেখা চিঠি শ্রীমতী সুচেতা কৃপালনী পাঠ করিলেন, তখন ডাঃ কাটজু বলেন—যদি বক্সী গোলাম মহম্মদ একথা বলেন, তবে আমার (কাটজুর) কোন আপত্তি নাই। বক্সী গোলাম মহম্মদ প্রকাশ্য তদন্ত বৃহত্তর স্বার্থের পক্ষে কল্যাণকর হইবে কি না সেই সম্বন্ধে দিল্লীতে আসিয়া শ্রী এন. সি. চ্যাটার্জ্জির সহিত আলোচনা করিতে প্রস্তুত আছেন। শ্রী এন. সি. চ্যাটার্জ্জি লোকসভায় ডাঃ শ্যামাপ্রসাদের মৃত্যু সম্বন্ধে যে পুস্তিকা লোকসভায় বিতরিত হইয়াছিল, তাহা পাঠ করিতে করিতে অশ্রু সংবরণ করিতে পারেন নাই। সভার অনেকেরই গণ্ডদেশ দিয়া অশ্রুধার বহিতে দেখা গিয়াছিল। নেহেরুজী কপোলদেশে হস্ত সংস্থাপন করিয়া শ্রবণ করিতেছিলেন। যদি কখন এমন দিন আসে কাশ্মীর-জম্মুর বর্ত্তমান পরিস্থিতি কাটিয়া যায়, আর শ্রী চ্যাটার্জ্জি ও বক্সী গোলাম মহম্মদের আলোচনায় তদন্ত প্রকাশ্যভাবে করা স্থিরীকৃত হয়, তবেই তদন্ত হইলেও হইতে পারে, নচেৎ ইহা চিরতরে মুলতুবী হইয়া ভারতের বর্ত্তমান গণতন্ত্রের সর্ব্বেসর্ব্বা নেহেরুজীর ইচ্ছাই পূর্ণ হইল। তবে বাংলার কবি দ্বিজেন্দ্রলাল যেমন আরঙ্গজেবের তৎকালীন ভ্রাতৃ-হত্যা, পিতৃবন্দী করার অভিনয় দেখিবার সুযোগ করিয়া দিয়াছেন। আবার কোন ভাবী কবি এ ব্যাপারেও নাটক লিখিয়া দোষ-গুণের অভিনয় দেখিবার সুযোগ করিয়া দিবেন। বাঙালীর হৃদয়ে ডাঃ শ্যামাপ্রসাদের সন্দেহজনক মৃত্যুর সন্দেহ ইতিহাস মুছিতে দিবে না।

---

## পশ্চিম বঙ্গ জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনী ট্রেণিং

পশ্চিম বঙ্গ জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনীর ট্রেণিংএ যোগদান করিতে ইচ্ছুক শিক্ষার্থিগণ আগামী ৪ঠা অক্টোবরের মধ্যে জঙ্গিপুরের মহকুমা-শাসক মহোদয়ের নিকট আবেদন করুন। বিস্তারিত বিবরণ মহকুমা শাসকের অফিসে পাওয়া যাইবে।

---

## ১৩৫৯ সালের রঘুনাথগঞ্জ সার্ব্বজনীন দুর্গোৎসবের আয়-ব্যয়ের হিসাব

বর্ত্তমান বৎসরের মোট চাঁদা আদায় ৪৪৯॥০, গত বৎসরের উদ্বৃত্ত ১০॥/০ = ৪৬০/০

পূজা—(পূজার খরচ ৮১।৶১০, বস্ত্র—৫১।৶০, দক্ষিণা—২৫৲) = ১৫৭৸৵১০, লক্ষ্মীপূজা—২৬৸৶০, প্রতিমা লক্ষ্মী সমেত ৮০৲, প্রতিমার পাট তৈয়ারী (লক্ষ্মী সমেত) ১১।০, বাদ্য—৩৩॥০, মণ্ডপ (অভিনয় মঞ্চ সমেত) ৮৫।৫, আলো (অভিনয় সমেত) ১০/১৫ অভিনয়—১৯॥৶০, নিরঞ্জনকালীন খরচ (নৌকা সমেত)—১৭৲, বিবিধ—(ছাপাখরচ সমেত) ৬৸০ মোট ৪৪৮।৵১০। জমা ৪৬০/০—খরচ ৪৪৮।৵১০ = উদ্বৃত্ত ১১॥৵১০ (শ্রীঅবনী রায়ের নিকট ৬।[illegible]৫, শ্রীনরেন রায়ের নিকট ৫৶৫ ও শ্রীরমাপতি চট্টোপাধ্যায়ের নিকট /১০ = ১১॥৵১০)

Chequed and found correct.
Sd/- H. L. Chandra, Auditor, 11.9.53.

যাঁহারা হিসাব দেখিতে ইচ্ছা করেন তাঁহারা যে কোন ছুটির দিন সহ-সম্পাদকের বাড়ীতে যাইয়া দেখিয়া আসিতে পারেন।

শ্রীনরেন্দ্রনাথ রায়, সহ-সম্পাদক।

---

## Notice.

Lists of applicants, with details as far as possible, praying for the issue of permits in respect of the following permanent routes are available for inspection in the office of the R.T.A., Murshidabad. Copies of such lists have been hung up in the R.T.A. Notice Board. Objections in connection therewith will be received by the undersigned upto 13.10.53.

1. Berhampore-Karimpur via Jellangi.
2. Berhampore-Katlamari via Lalbagh.
3. Berhampore-Jiaganj.
4. Berhampore Lalgola.
5. Kandi-Panchthupi.
6. Panchthupi-Belgram via Kandi.
7. Kandi-Panutia.

Sd/- S. B. Majumder
Secretary R.T.A., Murshidabad.
14.9.53.

---


## হারাইয়াছে

দেশবন্ধু-যতীনদাস পাঠাগারের ৪০১—৫০০ নম্বরের একটি বিল বুক অদ্য বৈকালে হারাইয়া গিয়াছে। কোন সহৃদয় ব্যক্তি পাইয়া থাকিলে উক্ত পাঠাগারের সম্পাদকের হাতে দিলে বাধিত হইব। ইতি—৫।৬।৬০

বিনীত—শ্রীবৃন্দাবনবিহারী দত্ত, সম্পাদক।

# সংবাদ গীতিকা

## তরজা



বাজারে ঢুলি দাদা ফুর্ত্তি করে
ঢোলে দিয়ে কাটি—
বলি জবর জবর নূতন খবর—
দিব্বি পরিপাটি।
রাষ্ট্রসঙ্ঘের সভানেত্রী
এবার হলেন যিনি,
আর কেহ নন বিজয়লক্ষ্মী
মতিলাল-নন্দিনী।
থাইল্যাণ্ডের রাজকুমার
থ্যাত ওয়ান নামে,
বিজয়লক্ষ্মীর সঙ্গে প্রতি-
যোগিতাতে নামে।
সাঁইত্রিশ ভোট বিজয়লক্ষ্মী
পেলেন অবহেলে,
বাইশ ভোটের রাজকুমারকে
পনরতে ঠেলে,—
বলতে হবে ভারতের
পরতা এবার ভারী—
ধন্য মোরা, ধন্য ভারত
ধন্য ভারতনারী।

ভারতের ভূদান যজ্ঞের
ঋষিতুল্য নেতা—
কত বড় মহাপুরুষ
বুঝবে বল কে তা!
দেওঘরের মন্দিরেতে
হরিজনের সাথে,
প্রবেশ করি পূজিতে চান
বাবা বৈদ্যনাথে।
পড়িলে ভেড়ার শিঙে
ভাঙে হীরার ধার,
ষণ্ডা গণ্ডা পাণ্ডারা কি
কদর বোঝে তাঁর?
দেখা নাই, শোনা নাই—
লাঠি সোঁটা নিয়ে,
জখম করিল সবে
বিষম প্রহার দিয়ে।
হাসপাতালে যেতে হলো,
অনেকেরই তাতে।
বুঝি সবার নাই অধিকার—
বাবা বৈদ্যনাথে।
হায়রে তীর্থ! হায় দেবতা!
হায় বিনোবা ভাবে!
তোমাকেই তো দেশের লোকে
দেবতা ব'লে ভাবে।
নির্ব্বিকার ঋষি তুমি,
দীনের বন্ধু তুমি।
দেওঘর আজ ধন্য হলো
তোমার চরণ চুমি।

# কর্ম্মখালি


জেলা মুর্শিদাবাদের জজ সাহেব বাহাদুর আমাকে শ্রীশ্রী৺বৃন্দাবনবিহারী দেবঠাকুরের এষ্টেটের কমন ম্যানেজার নিযুক্ত করিয়াছেন। যাঁহারা উক্ত এষ্টেটের সদর কর্ম্মচারী ও তহশীলদারী কার্য্য করিতে ইচ্ছুক, তাঁহারা আগামী ১৫ই আশ্বিন মধ্যে আমার নিকট নিম্নলিখিত ঠিকানায় দরখাস্ত করিবেন ও ১৬ই আশ্বিন রঘুনাথগঞ্জ মোকামে উক্ত দেবঠাকুরের সেবাইতগণের বাসবাটীতে আমার সহিত দেখা করিবেন। ইতি ৩রা আশ্বিন, ১৩৬০ সাল।

শ্রীযোগেশচন্দ্র সেন, এম-এ, বি-এল
কমন ম্যানেজার,
পোঃ খাগড়া, মুর্শিদাবাদ।


# অপেরীণ




ডাক্তার বি. এন. রায় করেন আবিষ্কার,
ল্যান্সেটের খোঁচা খেতে হবে না কো আর।
বাগী, ফোড়া, পৃষ্ঠাঘাত আদি যত রোগে,
অপারেশন ক'রে লোক কি যন্ত্রণা ভোগে!
প্রথম অবস্থায় যদি করে ব্যবহার,
একেবারে বসে যাবে পাকিবে না আর
পরবর্ত্তী অবস্থাতে আপনি যাবে ফেটে,
কষ্ট পেতে হইবে না ছুরী দিয়ে কেটে।
দামও মোটে দেড় টাকা মাশুল তের আনা।
ফতেপুর, গার্ডেনরীচ (কলকাতা) ঠিকানা।
ডাক্তার বি. এন. রায় এইখানে থাকে।
ঔষধ পাইতে হ'লে পত্র দেন তাঁকে।



সি. কে. সেনের আর একটি

অনবদ্য সৃষ্টি

পুষ্পগন্ধে সুরভিত

## ক্যাস্টর অয়েল

বিকশিত কুসুমের স্নিগ্ধ গন্ধসারে সুবাসিত এই পরিস্রুত ক্যাস্টর অয়েল কেশের সৌন্দর্য্য বর্ধনে অনুপম।

সি. কে. সেন অ্যাণ্ড কোং লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা ১২

## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায় ঃ—**



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ৸৵০ আনা।

সোল এজেণ্ট ঃ—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

বিশ্বস্ত প্রতিষ্ঠান

## চা-সংসদে

রকমারী সুগন্ধি দার্জ্জিলিং চা এবং আসাম ও ডুয়ার্সের ভাল চা ন্যায্য মূল্যে পাবেন। আপনাদের সহানুভূতি ও শুভেচ্ছা কামনা করি।

চা-সংসদ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।